গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# শেরপুর পলিটেকনিক ইনস্টিটিউট

ভাতশালা ,শেরপুর

## এক নজরে

**তারিখঃ ৯ ফেব্রুয়ারী ২০২৪ খ্রিঃ**

**বাংলাঃ ২৬ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ**

C:\Users\hp\Desktop\App 2023-24\Akh Najara Sherpur Poly ins 11.02.2024.docx

# শেরপুর পলিটেকনিক ইনস্টিটিউট

ভাতশালা ,শেরপুর

অধ্যক্ষ
প্রকৌশলী মোঃ সাখাওয়াত হোসেন
ফোনঃ **০২৯৯৮৮-১৩১৯২**
ই-মেইলঃ principalspi1966@gmail.com
Web site: www.sherpur.polytech.gov.bd

## অধ্যক্ষ মহোদয়গণের তালিকাঃ

| ক্রমিক নং | নাম | পদবী | কার্যকাল | |
|---|---|---|---|---|
| | | | হইতে | পর্যন্ত |
| ১ | জনাব প্রকৌশলী মহেন্দ্র কুমার সিকদার | অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) | ০২.১১.২০০৪ | ২৯.১০.২০০৫ |
| ২ | জনাব প্রকৌশলী মোঃ আব্দুল কুদ্দুস সরদার | অধ্যক্ষ | ২৯.১০.২০০৫ | ০৩.০১.২০০৬ |
| ৩ | জনাব তাছলিমা আক্তার | অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) | ০৩.০১.২০০৬ | ২৫.০৪.২০০৭ |
| ৪ | জনাব প্রকৌশলী মোঃ সাখাওয়াত হোসেন | অধ্যক্ষ | ২৫.০৪.২০০৭ | ২৮.১০.২০২১ |
| ৫ | জনাব প্রকৌশলী আবদুল হান্নান খান | অধ্যক্ষ | ২৮.১০.২০২১ | ২৫-০১-২০২৪ |
| ৬ | জনাব প্রকৌশলী মোঃ সাখাওয়াত হোসেন | অধ্যক্ষ | ২৫.০১.২০২৪ | - |

| | | |
|---|---|---|
| প্রতিষ্ঠানের নাম ও কোড | ঃ | শেরপুর পলিটেকনিক ইনস্টিটিউট ,৫৬০১৮ |
| টেলিফোন | ঃ | ০২৯৯৮৮-১৩১৯২ |
| মন্ত্রণালয় ও বিভাগ | ঃ | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| অধিদপ্তর | ঃ | কারিগরি শিক্ষা অধিদপ্তর |
| অবস্থান | ঃ | শেরপুর জেলার অর্ন্তগত সদর উপজেলার ভাতশালা ইউনিয়ন,ঢাকা শেরপুর মহাসড়কের পার্শ্বে শহর থেকে প্রায় ৫কিলোমিটার পূর্বদিকে এই ইনস্টিটিউট অবস্থিত। |
| ভৌগলিক অবস্থান | ঃ | ভাতশালা শেরপুর সদর ২৪.৯৮৭৩৪৮ উত্তর অক্ষাংশ, ৯০.০৪৮১৮৬ পূর্ব দ্রাঘিমাংশ |
| প্রতিষ্ঠাকাল | ঃ | ২০০৪খ্রিঃ ১৪১১বঙ্গাব্দ |
| আয়তন | ঃ | প্রায় ২ একর |

## শিক্ষক -কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা

| পদের নাম | | সৃষ্টপদ | কর্মরত | শূন্য |
|---|---|---|---|---|
| অধ্যক্ষ | ঃ | ০১ | ০১ | ০ |
| উপাধ্যক্ষ | ঃ | ০১ | ০ | ০১ |
| চীফ ইন্সট্রাক্টর | ঃ | ১২ | ০৬ | ০৬ |
| ইন্সট্রাক্টর | ঃ | ৪০ | ১৮ | ২২ |
| রেজিষ্ট্রার | ঃ | ০১ | ০ | ০১ |
| লাইব্রেরীয়ান | ঃ | ০১ | ০১ | ০ |
| জুনিয়র ইন্সট্রাক্টর | ঃ | ৩৯ | ০৯ | ৩০ |
| ওয়ার্কসপ সুপার | ঃ | ০৩ | ০ | ০৩ |
| ক্রাফট ইন্সট্রাক্টর | ঃ | ৮৮ | ৩৯ | ৪৯ |
| ল্যাব সহকারী | ঃ | ০৪ | ০৩ | ০১ |
| ৩য় শ্রেণীর কর্মচারী | ঃ | ১০ | ১০ | ০ |
| ৪র্থ শ্রেণীর কর্মচারী | ঃ | ১৩ | ১৬ | ০ |
| সর্বমোট= | | ২১৩ | ১০৩ | ১১৩ |

**শিক্ষক -কর্মকর্তার সৃষ্টপদ মোট=৯৬ টি**

**কর্মরত আছে=৩৪ জন**

**শিক্ষক কর্মকর্তার পদ শূন্য =৬২ টি**

| পদের নাম | | সৃষ্টপদ | কর্মরত | শূন্য |
|---|---|---|---|---|
| অধ্যক্ষ | ঃ | ০১ | ০১ | ০ |
| উপাধ্যক্ষ | ঃ | ০১ | ০ | ০১ |
| চীফ ইন্সট্রাক্টর | ঃ | ১২ | ০৬ | ০৬ |
| ইন্সট্রাক্টর | ঃ | ৪০ | ১৮ | ২২ |
| জুনিয়র ইন্সট্রাক্টর | ঃ | ৩৯ | ০৯ | ৩০ |
| ওয়ার্কসপ সুপার | ঃ | ০৩ | ০ | ০৩ |
| সর্বমোট= | | ৯৬ | ৩৪ | ৬২ |

**কর্মচারীদের সৃষ্টপদ মোট=১১৫ টি**

**কর্মরত আছে=৫৯ জন**

**কর্মচারীদের শূন্য পদ =৫৬ টি**

| পদের নাম | | সৃষ্টপদ | কর্মরত | শূন্য |
|---|---|---|---|---|
| ক্রাফট ইন্সট্রাক্টর | ঃ | ৮৮ | ৩৯ | ৪৯ |
| ল্যাব সহকারী | ঃ | ০৪ | ০৩ | ০১ |
| ৩য় শ্রেণীর কর্মচারী | ঃ | ১০ | ০৪ | ০৬ |
| ৪র্থ শ্রেণীর কর্মচারী | ঃ | ১৩ | ১৩ | ০ |
| সর্বমোট= | | ১১৫ | ৫৯ | ৫৬ |

## টেকনোলজি সমূহঃ

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রণীত ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং- এ

১। সিভিল টেকনোলজি
২। কম্পিউটার সাইন্স এন্ড টেকনোলজি
৩। ইলেকট্রনিক্স টেকনোলজি
৪। এনভায়রণমেন্টাল টেকনোলজি
৫। ইলেকট্রিক্যাল টেকনোলজি

## টেকনোলজিভিত্তিক শিক্ষকদের তথ্যঃ

কম্পিউটার সাইন্স এন্ড টেকনোলজিঃ

| পদের নাম | পদসংখ্যা | কর্মরত পদ সংখ্যা | শূন্য পদ সংখ্যা |
|---|---|---|---|
| চীফ ইন্সট্রাক্টর (টেক) | ২ | ১ | ১ |
| ইন্সট্রাক্টর (টেক) | ৬ | ৩ | ৩ |

| | | | |
|---|---|---|---|
| জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) | ৬ | ০ | ৬ |
| মোট= | ১৪ | ৪ | ১০ |

ইলেকট্রনিক্স টেকনোলজিঃ

| পদের নাম | পদসংখ্যা | কর্মরত পদ সংখ্যা | শূন্য পদ সংখ্যা |
|---|---|---|---|
| চীফ ইন্সট্রাক্টর (টেক) | ২ | ১ | ১ |
| ইন্সট্রাক্টর (টেক) | ৬ | ১ | ৫ |
| ওয়ার্কসপ সুপার | ১ | ০ | ১ |
| জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) | ৬ | ১ | ৫ |
| মোট= | ১৫ | ৩ | ১২ |

ইলেকট্রিক্যাল টেকনোলজিঃ

| পদের নাম | পদসংখ্যা | কর্মরত পদ সংখ্যা | শূন্য পদ সংখ্যা |
|---|---|---|---|
| চীফ ইন্সট্রাক্টর (টেক) | ২ | ১ | ১ |
| ইন্সট্রাক্টর (টেক) | ৬ | ১ | ৫ |
| ওয়ার্কসপ সুপার | ১ | ০ | ১ |
| জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) | ৬ | ১ | ৫ |
| মোট= | ১৫ | ৩ | ১২ |

সিভিল টেকনোলজিঃ

| পদের নাম | পদসংখ্যা | কর্মরত পদ সংখ্যা | শূন্য পদ সংখ্যা |
|---|---|---|---|
| চীফ ইন্সট্রাক্টর (টেক) | ২ | ১ | ১ |
| ইন্সট্রাক্টর (টেক) | ৬ | ১ | ৫ |
| ওয়ার্কসপ সুপার | ১ | ০ | ১ |
| জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) | ৬ | ০ | ৬ |
| মোট= | ১৫ | ২ | ১৩ |

আর.এস বিভাগঃ

| পদের নাম | পদসংখ্যা | কর্মরত পদ সংখ্যা | শূন্য পদ সংখ্যা |
|---|---|---|---|
| চীফ ইন্সট্রাক্টর (নন-টেক) | ২ | ২ | ০ |
| ইন্সট্রাক্টর (নন-টেক) | ১০ | ৪ | ৬ |
| জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) | ১০ | ২ | ৮ |
| মোট= | ২২ | ৮ | ১৪ |

# টেকনোলজিভিত্তিক আসন সংখ্যা, ফলাফল এবং অধ্যায়নরত শিক্ষার্থীদের সংখ্যাঃ

আসন সংখ্যাঃ

| টেকনোলজি | আসন সংখ্যা (১ম শিফট) | আসন সংখ্যা (১ম শিফট) | মোট আসন সংখ্যা |
|---|---|---|---|
| সিভিল | ১০০ | ১০০ | ২০০ |
| কম্পিউটার | ৫০ | ৫০ | ১০০ |
| লেকট্রিক্যাল | ৫০ | ৫০ | ১০০ |
| ইলেকট্রনিক্স | ৫০ | ৫০ | ১০০ |
| এনভায়রনমেন্টাল | ০০ | ০০ | ০০ |

বিগত ৩ পর্বের ফলাফল ঃ

**১ম,৩য়,৫ম ও ৭ম পর্ব-২০২২**

| টেকনোলজি | মোট শিক্ষার্থীর সংখ্যা | কৃতকার্য শিক্ষার্থীর সংখ্যা | অকৃতকার্য শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| সিভিল | ৫৪০ | ৪৭০ | ৭০ |
| কম্পিউটার | ৩৩১ | ২৪১ | ৯০ |
| ইলেকট্রিক্যাল | ৩৬০ | ১৬৫ | ৯৫ |
| ইলেকট্রনিক্স | ২৬৯ | ২১৯ | ৫০ |
| এনভায়রনমেন্টাল | ৭০ | ৫০ | ২০ |

**২য়,৪র্থ ,৬ষ্ঠ ও ৮ম পর্ব-২০২২**

| টেকনোলজি | মোট শিক্ষার্থীর সংখ্যা | কৃতকার্য শিক্ষার্থীর সংখ্যা | অকৃতকার্য শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| সিভিল | ৫৬০ | ৪৮৩ | ৭৭ |
| কম্পিউটার | ৩৬৫ | ২৬৬ | ৯৯ |
| ইলেকট্রিক্যাল | ৩৬১ | ২৬৪ | ৯৭ |
| ইলেকট্রনিক্স | ২৭২ | ২১৭ | ৫৫ |
| এনভায়রনমেন্টাল | ৮৫ | ৬২ | ২৩ |

১ম,৩য়,৫ম ও ৭ম পর্ব-২০২৩

| টেকনোলজি | মোট শিক্ষার্থীর সংখ্যা | কৃতকার্য শিক্ষার্থীর সংখ্যা | অকৃতকার্য শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| সিভিল | ৫৫৫ | ৪৫০ | ১০৫ |
| কম্পিউটার | ৩৩৭ | ২৪২ | ৯৫ |
| ইলেকট্রিক্যাল | ৩৬১ | ২৬৫ | ৯৬ |
| ইলেকট্রনিক্স | ২৭৩ | ২২২ | ৫১ |
| এনভায়রনমেন্টাল | ১০৫ | ৮৬ | ১৯ |

**বর্তমানে (২০২২-২০২৩) শিক্ষাবর্ষে অধ্যয়নরত ছাত্র-ছাত্রদের সংখ্যা**

| টেকনোলজি | ছাত্র সংখ্যা | ছাত্রী সংখ্যা | মোট |
|---|---|---|---|
| সিভিল | ৪৬২ | ৩৯ | ৫০১ |
| কম্পিউটার সাইন্স এন্ড টেকনোলজি | ৩০৭ | ৩৩ | ৩৪০ |
| ইলেকট্রনিক্স | ২২১ | ২৮ | ২৪৯ |
| ইলেকট্রিক্যাল | ৩৯৮ | ৩৬ | ৪৩৪ |
| এনভায়রণমেন্টাল | ৭০ | ০৩ | ৭৩ |
| মোট = | | | ১৫৯৭ |
| ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম পর্বে নতুন ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা = | | | ৫০০ |
| বর্তমানে অধ্যয়নরত সর্বমোট = | | | ২০৯৭ জন |

**অন্যান্য কার্যক্রমঃ**

**ইনস্টিটিউট ডেঃ**

**প্রতি শিক্ষাবর্ষে ক্লাশ শুরুর প্রথম দিন "ইনস্টিটিউট ডে" হিসেবে পালন করা হয়। উক্ত দিনে ইনস্টিটিউটের সার্বিক কার্যক্রম তুলে ধরা হয়। যেমন-বিভিন্ন ল্যাবরেটরীতে প্রদর্শনীর ব্যবস্থা করা, সাংস্কৃতিক অনুষ্ঠান, সেমিনার এবং চাকরি সংক্রান্ত বিষয়ে তথ্যমেলা ইত্যাদি অনুষ্ঠিত হয়।**

অভিভাবক দিবসঃ

**প্রত্যেক পর্বের চুড়ান্ত ফলাফল প্রকাশ করার পরবর্তী নতুন সেমিস্টার ক্লাশ শুরুর ১ম সপ্তাহে অভিভাবক দিবস পালন করা হয়। উক্ত দিন অভিভাবকগণকে ইনস্টিটিউটে আমন্ত্রণ জানানো হয় এবং তাঁদের সাথে ইনস্টিটিউট ও একাডেমিক সংক্রান্ত সকল বিষয় নিয়ে আলোচনা করা হয়।**

জাতীয় দিবসঃ

**মহান স্বাধীনতা দিবস, বিজয় দিবস, শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস, ১৫ আগষ্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস শেখ রাসেল দিবস, জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মবার্ষিকী সহ সরকার ঘোষিত সকল জাতীয় দিবস সমূহ যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়।**

জেন্ডার সমতা বিধানঃ

**জেন্ডার সমতা বিধান কল্পে কারিগরি শিক্ষায় মহিলাদের উৎসাহিত করতে পরিবেশ সৃষ্টি এবং বিশেষ চাহিদা সম্পন্নদের জন্য সুযোগ-সুবিধা বৃদ্ধি করা হয়েছে।**

ইন্ডাস্ট্রি- ইনস্টিটিউট লিংকেজঃ

প্রতিষ্ঠানে যুগোপযোগী ইমার্জিং টেকনোলজি প্রবর্তন  করার লক্ষ্যে বিভিন্ন শিল্প কারখানার চাহিদা ভিত্তিক যুগোপযোগী ইমার্জিং টেকনোলজি নিরুপন, প্রস্তাবনা প্রেরণ এবং সেমিনার সিম্পোজিয়াম ও ওয়ার্কশপসহ বিভিন্ন প্রকার কার্যক্রমের মাধ্যমে শিল্প কারখানা এবং ইনস্টিটিউটের মাধ্যমে সম্পর্ক বৃদ্ধি করণ অব্যাহত আছে।

প্রশিক্ষণঃ

শিক্ষক ও কর্মচারীদের ইন-হাউজ প্রশিক্ষণের ব্যবস্থা করা হয় যার মাধ্যমে শ্রেণীকক্ষে আধুনিক যন্ত্রপাতি ও শিক্ষা উপকরণ ব্যবহার নিশ্চিত হয়।

আধুনিক ক্লাশরুমঃ

অত্র প্রতিষ্ঠানের প্রতিটি ক্লাশরুম ডিজিটাল বোর্ড ও মাল্টিমিডিয়া প্রজেক্টও স্থাপনের মাধ্যমে ডিজিটালাইজড করা হয়েছে। ছাত্র-ছাত্রীরা এর মাধ্যমে আধুনিক প্রযুক্তির ব্যবহারের সুবিধা গ্রহণ করছে।

ডিজিটাল ল্যাবঃ

অত্র প্রতিষ্ঠানের ১৬টি ল্যাবে স্মার্টবোর্ড স্থাপন  করা হয়েছে। এতে ছাত্র-ছাত্রীরা প্রযুক্তিনির্ভর পড়াশোনায় আরো একধাপ এগিয়ে যাবে।

ইন্টারনেট সংযোগঃ

অত্র ইনস্টিটিউটে ইন্টারনেট সংযোগ রয়েছে। ছাত্র-ছাত্রীরা ইন্টারনেট ব্রাউজিং এর মাধ্যমে আধুনিক প্রযুক্তি নির্ভও জ্ঞান বিজ্ঞানের সাথে পরিচয় লাভ করতে পারে তার ব্যবস্থা হিসেবে সমগ্র ক্যাম্পাসে ওয়াইফাই এর আওতায় আনা হয়েছে। প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল www.sherpur.polytech.gov.bd চালু করা হয়েছে এবং ছাত্র-ছাত্রীদের ডিজিটাল হাজিরার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

লাইব্রেরীতে ইন্টারনেট সংযোগঃ

ইন্টারনেট স্থাপন পূর্বক ছাত্র-ছাত্রীদের জন্য ডিজিটাল লাইব্রেরীর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তাছাড়া লাইব্রেরীর এক পাশে ওয়াশরুম এবং মহিলা কমনরুম স্থাপন করা হয়েছে।
সমগ্র  ক্যাম্পাস নেটের আওতায় আনয়নঃ শেরপুর পলিটেকনিক ইনস্টিটিউটকে সম্পূর্ণ ডিজিটালাইজড ক্যাম্পাসে রুপান্তরের অংশ হিসেবে সমগ্র ক্যাম্পাস ইন্টারনেটের আওতায় আনা হয়েছে। এতে ছাত্র-ছাত্রীদের প্রযুক্তি নির্ভও পড়াশুনা ও অফিস কার্যক্রম সঠিক সময়ে সম্পন্ন হয়। প্রতিষ্ঠানটি নিরাপত্তা জোরদারের লক্ষ্যে সিসি ক্যামেরার মাধ্যমে সার্বক্ষণিক মনিটরিং করা হচ্ছে।

ছাত্র-ছাত্রী কর্তৃক বাস্তবমুখী প্রজেক্ট উদ্ভাবনঃ

১। ছাত্র-ছাত্রী কর্তৃক সোলার প্রজেক্ট উদ্ভাবনের ফলে প্রদত্ত সোলার প্রজেক্টের মাধ্যমে আপদকালীন বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হয়। পল্লী বিদ্যুতের সরবরাহে কোন বিভ্রাট,ত্রুটি বা লোডশেডিং হলে রাত্রিতে নিরাপত্তা বাতি সমূহ উক্ত সোলার প্রজেক্টের সাথে স্বয়ংক্রিয়ভাবে সংযুক্ত হয়। ফলে পল্লী বিদ্যুতের সরবরাহ না থাকলেও সিকিউরিটি লাইটের কোন ঘাটতি হয় না।

২। ইলেকট্রিক্যাল ল্যাবে মেজারমেন্ট ল্যাব ট্রেইনার এবং ইলেকট্রনিক্স ল্যাবে ডিজিটাল ইলেকট্রনিক্স ট্রেইনার ছাত্র-ছাত্রীদের প্রজেক্টের মাধ্যমে সম্পাদন করা হয়েছে। ফলে উক্ত ট্রেইনার দ্বারা ছাত্র-ছাত্রীদের ল্যাবের প্রাকটিক্যাল আরও সহজতর হয়েছে। উল্লেখ্য ইলেকট্রিক্যাল মেজারমেন্ট ট্রেইনার এবং ইলেকট্রনিক্স ডিজিটাল ট্রেইনার প্রজেক্ট দুটি ডিজিটাল উদ্ভাবনী মেলায় পর পর দুইবার **১ম** স্থান এবং একবার **২য়** স্থান অর্জন করেছে এবং পুরষ্কৃত হয়েছে।

<u>ল্যাব আধুনিকীকরণঃ</u>

আধুনিক প্রযুক্তিনির্ভর শিক্ষার সুনিপুণ বাস্তবায়নের জন্য অত্র প্রতিষ্ঠানের **১৬**টি ল্যাবে ডিজিটাল স্মার্টবোর্ড স্থাপন করা হয়েছে যা শেরপুর পলিটেকনিক ইনস্টিটিউটের ইতিহাসে মাইলফলক। এতে ছাত্র-ছাত্রীরা প্রযুক্তি নির্ভর শিক্ষায় অধিকতর উন্নতি লাভ করবে।

<u>ক্লাশরুম আধুনিকীকরণঃ</u>

আধুনিক প্রযুক্তি নির্ভর শিক্ষার সাথে ছাত্র-ছাত্রীদের মেলবন্ধন তৈরীর জন্য শেরপুর পলিটেকনিক ইনস্টিটিউটের **১২**টি শ্রেণীকক্ষে "মাল্টিমিডিয়া প্রজেক্টর" স্থাপন করা হয়েছে। এর ফলে ছাত্র-ছাত্রীরা ল্যাবের পাশাপাশি শ্রেণী কক্ষেও প্রযুক্তি বান্ধব পরিবেশে জ্ঞান লাভের সুযোগ পাবে।

<u>আধুনিক কনফারেন্স রুমঃ</u>

অত্র ইনস্টিটিউটের ২০৯নং কক্ষটিতে আধুনিক কনফারেন্স রুমে রুপান্তরিত করার অংশ হিসেবে একটি ইন্টারেকটিভ স্মার্টবোর্ড ও মাল্টিমিডিয়া প্রজেক্টর স্থাপন করা হয়েছে।তাছাড়া এই কক্ষটি ওয়াই-ফাই নেটওয়ার্কের আওতায় আনা হয়েছে যার ফলে কক্ষটি একটি পূর্ণাঙ্গ স্মার্ট কনফারেন্স রুম হিসেবে স্থান পেয়েছে।

<u>সংস্কার কার্যক্রমঃ</u>

গত অর্থবছরে শেরপুর পলিটেকনিক ইনস্টিটিউটের অধিকাংশ ভাংগা দরজাসমূহ পরিবর্তন করা হয়েছে যা একাডেমিক ও প্রশাসনিক বিল্ডিং-এর নিরাপত্তা ও সৌন্দর্য বৃদ্ধি করেছে। তাছাড়া অত্র প্রতিষ্ঠানের পুরাতন ও ভাঙ্গা জানালা পরিবর্তন করে নতুন করে স্থাপন করা হয়েছে।
অধ্যক্ষ মহোদয়ের ঐকান্তিক প্রচেষ্ঠায় গত অর্থবছর সমস্ত বিল্ডিংয়ে সংস্কার ও রং করা হয়েছে। এতে ক্যাম্পাসের সব বিল্ডিং নবরুপে সেজেছে।

<u>সৌন্দর্যবর্ধন ঃ</u>

সবুজায়ন ও সৌন্দর্যবধনের লক্ষ্যে প্রতিষ্ঠানের সামনের পরিত্যাক্ত জায়গাকে লেকে রুপান্তর কওে লাল শাপলা ফুল চাষ করা হয়েছে এবং প্রতিষ্ঠানের সম্মুখের খালি জায়গায় রকমারী ফুলের মনোমুগ্ধকর বাগান করা হয়েছে যা যে কোন আগন্তুক দর্শণার্থীকে ফুলেল শুভেচ্ছা জানায়। তাছাড়া প্রতিষ্ঠানের প্রধান ফটকের দেয়ালে বিভিন্ন মনিষীদের বাণী লিখে সৌন্দর্যবর্ধন করা হয়েছে।

ক্রীড়া সপ্তাহ ও পুরস্কার বিতরণীঃ

এ উপলক্ষ্যে ইনস্টিটিউটে বিভিন্ন খেলাধুলাসহ অন্যান্য প্রতিযোগিতার আয়োজন করা হয় এবং পুরস্কার বিতরণের মাধ্যমে কার্যক্রম সম্পন্ন করা হয়।

ডিজিটাল উদ্ভাবনী মেলাঃ

শেরপুর জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত ডিজিটাল উদ্ভাবনী মেলায় অত্যন্ত দক্ষতার সাথে অত্র ইনস্টিটিউটের ছাত্র-ছাত্রীরা অংশগ্রহণ করে আসছে। উল্লেখ্য যে, শেরপুর জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত ডিজিটাল উদ্ভাবনী মেলায় অত্র পলিটেকনিক ইনস্টিটিউটের ছাত্র-ছাত্রীরা অংশগ্রহণ করে ২০২১ ও ২০২২ সালে ১ম স্থান অর্জন করে এবং ২০২৩ সালে ২য় স্থান অর্জন করেছে।

রোভার স্কাউট কার্যক্রমঃ

এ ইনস্টিটিউটে রোভার স্কাউট কার্যক্রম চালু রয়েছে এবং এর মাধ্যমে ছাত্র-ছাত্রীরা বলিষ্ঠ চরিত্র গঠন, জাতি গঠনমূলক ও সামাজিক কার্যক্রমে অংশগ্রহণ করছে।

গাইডেন্স ও কাউন্সিলিংঃ

এ ইনস্টিটিউটে ছাত্র-ছাত্রীদের জন্য গাইডেন্স ও কাউন্সিলিং কার্যক্রম চালু করা হয়েছে। যার মাধ্যমে শিক্ষক-শিক্ষিকাগণ ছাত্র-ছাত্রীদের অসুবিধা দুরীকরণে সুপরামর্শ প্রদান করে শিক্ষার্থীদের সাথে আন্তরিক সম্পর্ক স্থাপন করে থাকে।

বৃক্ষ রোপন কর্মসূচীঃ

প্রতি বছর ইনস্টিটিউটে জাতীয় বৃক্ষরোপডন কার্যক্রমের সাথে সমন্বয় রেখে বৃক্ষরোপন সপ্তাহ পালন করা হয়। এ ক্ষেত্রে ইনস্টিটিউটে পর্যাপ্ত সংখ্যক ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষরোপন করা হয়েছে। এছাড়া সবুজায়ন ও সৌন্দর্য্য বর্ধনের ব্যবস্থা করা হয়েছে।

ফলাফলঃ ১/৩/৫/৭ পর্বের সকল টেকনোলজির ২০২৩ সনের পাশের হার ৮৭% । পরবর্তীতে আরও সন্তোষজনক ফলাফল প্রত্যাশী।

# চ্যালেঞ্জ সমূহঃ

**(১) ছাত্র-ছাত্রীদের যাতায়াতের জন্য বাস প্রদান ও রাস্তায় স্পীড ব্রেকার স্থাপনঃ**

অত্র প্রতিষ্ঠানে অধ্যয়নরত অনেক ছাত্র-ছাত্রী দূরদূরান্ত হতে অটো বা সিএনজিতে যাতায়াত করে ক্লাশে উপস্থিত হয়। এত করে মাঝে মধ্যেই দূর্ঘটনা ঘটে। তাই ছাত্র-ছাত্রীদের যাতায়াতের জন্য একটি বাস প্রদানসহত রাস্তায় বাস স্টপেজ ও স্প্রীড ব্রেকার স্থাপন অত্যাবশ্যক।

**(২) খেলার মাঠঃ**

আমরা জানি খেলাধূলার মাধ্যমে চিন্তার সৃজনশীল বিকাশ ঘটে, নেতৃত্বের দক্ষতা অর্জিত হয়। দেশপ্রেম জাগ্রত হয় ও নৈতিক চরিত্রের বিকাশ ঘটে। খেলার মাঠের অভাবে অত্র ইনস্টিটিউটের ছাত্র-ছাত্রীদের শারীরিক ও মানসিকভাবে পরিপূর্ণ বিকাশে বাধাগ্রস্ত হচ্ছে।

**(৩) ছাত্র হল ও ছাত্রী হলঃ**

শিক্ষা প্রতিষ্ঠানের আবাসন সুবিধা ছাত্র-ছাত্রীদের অভিভাবকের ভীমিকা পালন করে। সমগ্র বাংলাদেশ থেকেই ছাত্র-ছাত্রীরা এই প্রতিষ্ঠানে অধ্যয়ন  করছে। তারা আশে-পাশে ও শহরের বিভিন্ন জায়গায় মেসে অবস্থান করে। তাই ছাত্র-ছাত্রীদের সুন্দও ও নিয়মতান্ত্রিক জীবন গড়ে তোলার জন্য অত্র প্রতিষ্ঠানে একটি ছাত্রী হল ও একটি ছাত্র হল স্থাপন  করা খুবই জরুরী।

**(৪) বাউন্ডারী ওয়াল ও ড্রেনঃ**

বাউন্ডারী ওয়াল একটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রাথমিক নিরাপত্তা প্রদান করে। অল্প কিছু জায়গা ছাড়া অত্র প্রতিষ্ঠানের চতুর্দিকে বাউন্ডারী ওয়াল আছে কিন্তু তা সংস্কারের অভাবে বিভিন্ন জায়গায় হেলে পড়েছে ও নষ্ট হচ্ছে। তাই প্রতিষ্ঠানের নিরাপত্তার জন্যই বাউন্ডারী ওয়াল সংস্কার প্রয়োজন। এখানে উল্লেখ্য যে,অত্র প্রতিষ্ঠানের পূর্ব উত্তর দিকে বাউন্ডারী ওয়াল অদ্যাবধি নির্মিত হয়নি যা অত্র ইনস্টিটিউটের নিরাপত্তার জন্য একটি বড় চ্যালেঞ্জ।তাছাড়া পানি নির্গমনের ড্রেন সম্পূর্ণই ভাঙ্গা, যা মেরামত অত্যাবশ্যক।

**(৫) ক্যান্টিনঃ**

শিক্ষা প্রতিষ্ঠানের সাথে ক্যান্টিন অঙ্গাঅঙ্গিভাবে জড়িত। এই ইনস্টিটিউটের অনেক শিক্ষার্থী অনেক দূর-দূরান্ত থেকে আসা-যাওয়া করে এবং দীর্ঘ সময় এখানে অবস্থান করে। তাই তাদের সুস্থ ও সুন্দর জীবনের জন্য এই কলেজে একটি ক্যান্টিন থাকা বাঞ্চনীয়।

**(৬) নামাজের ঘরঃ**

আমাদের প্রতিষ্ঠানে প্রায় ২০০০ ছাত্র-ছাত্রী অধ্যয়ন  করছে। ছাত্রদের নামাজের জন্য ৩য় তলার ১টি রুমে সাময়িক ব্যবস্থা করা হয়েছে যা প্রয়োজনের তুলনায় খুবই অপ্রতুল। ছাত্রদের নামাজের জন্য এখানে নামাজ ঘর স্থাপন করা খুবই প্রয়োজন।

## (৭) ভার্টিক্যাল এক্সটেনশনঃ

প্রতিষ্ঠানের শুরু থেকেই এখানে ৪টি টেকনোলজি থাকলেও বর্তমানে ৪টি টেকনোলজি আছে এবং ছাত্র-ছাত্রীর সংখ্যা পর্যায়ক্রমে বৃদ্ধি পাচ্ছে, তাই জরুরী ভিত্তিতে ছাত্র-ছাত্রীদের ল্যাব ও ক্লাশ রুমের সংকুলানের জন্য পশ্চিম ও পূর্ব পার্শ্বের ভবনের ভার্টিক্যাল এক্সটেনশন করা খুবই প্রয়োজন।

স্থাপনাসমূহের বিবরণঃ

| | | |
|---|---|---|
| জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল | ঃ | প্রশাসনিক ভবনের সামনে |
| শহীদ মিনার | ঃ | প্রশাসনিক ভবনের উত্তর-পশ্চিম দিকে। |

<u>ভবন পরিচিতি (প্রশাসনিক ভবন)ঃ</u>

| | | |
|---|---|---|
| নীচতলা | ঃ | স্টোর, হিসাব শাখা, কেয়ার টেকার, রেজিষ্টার,ইলেকট্রিশিয়ান অফিস রুম |
| ২য় তলা | ঃ | অধ্যক্ষের কার্যালয়,প্রধান সহকারী, পরিক্ষা নিয়ন্ত্রণ কক্ষ, উপাধ্যক্ষ অফিস রুম। |
| ৩য় ও ৪র্থ তলা | ঃ | সকল বিভাগীয় প্রধান ও শিক্ষক মন্ডলীর অফিস রুম |
| ৫ম তলা | ঃ | লাইব্রেরী, বঙ্গবন্ধু কর্ণার ও অডিটোরিয়াম |

<u>ভবন পরিচিতি (একাডেমিক ভবন)ঃ</u>

| | | |
|---|---|---|
| ১ম থেকে ৫ম তলা | ঃ | সকল টেকনোলজির ক্লাশরুম, ল্যাব এবং শেখ রাসেল ডিজিটাল কম্পিউটার ল্যাব |
| ওয়ার্কসপ বিল্ডিং-১ | ঃ | ২য় তলায় মহিলা কমনরুম ও পদার্থ এবং রসায়ন ল্যাব , নীচতলায়-স্কাউট ডেন,সিভিল ও ইলেকট্রিক্যাল ওয়ার্কসপ। |
| ওয়ার্কসপ বিল্ডিং-২ | ঃ | ২য় তলায় কনফারেন্স রুম, ড্রাফটিং ল্যাব ও অটোক্যাড স্মার্টল্যাব, নীচতলায় সিভিল ও ইলেকট্রিক্যাল ওয়ার্কসপ। |

| | |
|---|---|
| অধ্যক্ষের বাসভবন | ঃ ১টি |
| কর্মচারী কোয়ার্টার | ঃ ১টি (২য় তলা বিশিষ্ট) |
| পাম্প হাউজ | ঃ ১টি |
| সাবস্টেশন | ঃ ১টি |
| সাইকেল স্ট্যান্ড | ঃ ১টি |

প্রকৌশলী মোঃ সাখাওয়াত হোসেন
অধ্যক্ষ
শেরপুর পলিটেকনিক ইনস্টিটিটিউট
ভাতশালা,শেরপুর।

C:\Users\hp\Desktop\App 2023-24\Akh Najara Sherpur Poly ins 11.02.2024.docx

# শেরপুর পলিটেকনিক ইনস্টিটিটিউট

ভাতশালা ,শেরপুর।

## শিক্ষক-কর্মকর্তাদের তথ্যঃ

**শিক্ষক -কর্মকর্তার সৃষ্টপদ মোট=৯৬ টি**

**কর্মরত আছে=৩৪ জন**

**শিক্ষক কর্মকর্তার পদ শূন্য =৬২ টি**

## কর্মচারীদের তথ্যঃ

**কর্মচারীদের সৃষ্টপদ মোট=১১৫ টি**

**কর্মরত আছে=৫৯ জন**

**কর্মচারীদের শূন্য পদ =৫৬ টি**